দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 19 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 7


গতকালের ঢাকা ভার্সিটি ক্যাম্পাস —দৈনিক বাংলা

## ঢাকা ভার্সিটির ক্লাস শুরু

(স্টাফ রিপোর্টার)

এক সপ্তাহ বন্ধ থাকার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস গত কাল পুনরায় শুরু হয়েছে। তবে ক্লাসে ছাত্রছাত্রীর উপস্থিতির

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ডাকসু নির্বাচনে পক্ষপাতিত্ব হয়েছেঃ ছাত্রদল

(স্টাফ রিপোর্টার)

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নানের বিরুদ্ধে ডাকসু নির্বাচনে পক্ষপাতমূলক ভূমিকা পালন এবং

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## নির্বাচনে পরাজিতরা সন্ত্রাস সৃষ্টি করছেঃ ডাকসু ভিপি

(স্টাফ রিপোর্টার)

ডাকসু ভিপি ও ছাত্রসংগ্রাম পরিষদ নেতা সুলতান মোহাম্মদ মনসুর আহমদ বলেছেন, যারা নির্বাচনের মাধ্যমে ছাত্রসমাজের রায় নিজেদের পক্ষে নিতে ব্যর্থ হয়েছে, তারাই ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টি করছে। সকল ধরনের সন্ত্রাসী কার্যকলাপ বন্ধ করতে ডাকসু ও সংগ্রাম পরিষদ বদ্ধপরিকর বলে তিনি উল্লেখ করেন।

(৩-এর পৃঃ দ্রঃ)

## ডাকসু ভিপি

(১ম পৃঃ পর)

সুলতান মনসুর গতকাল সকালে ডাকসু কার্যালয় প্রাঙ্গণে এক ছাত্রসমাবেশে বক্তৃতা করার জন্যে উস্কানী দিচ্ছে।

ছাত্র সংগ্রাম পরিষদ ঘোষিত শহীদ সপ্তাহ পালনের কর্মসূচীর অংশ হিসাবে গতকাল এ সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশের পূর্বে সংগ্রাম পরিষদের একটি মিছিল কলাভবন এলাকা প্রদক্ষিণ করে।

ডাকসু ভিপি তার বক্তৃতায় বলেনঃ নির্বাচনে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ছাত্রসংগ্রাম পরিষদের পক্ষে রায় দিয়েছে। অই সংগ্রাম পরিষদ ক্যাম্পাসে যেকোন পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত।

সুলতান মনসুর অভিযোগ করেন যে, কয়েকটি পত্রিকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি উত্তপ্ত করার জন্যে উস্কানী দিচ্ছে।

সমাবেশের শুরুতে শহীদ ডক্টর শামসুজ্জোহার স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

**ডাকসুর সভা**

ডাকসুর প্রথম নিয়মিত সভা ২২শে ফেব্রুয়ারী বিকাল চারটায় ভাইস চ্যান্সেলরের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সভায় ডাকসুর সকল সদস্য সদস্যাকে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্যে জিএস মুশতাক হোসেন এক বিবৃতিতে অনুরোধ করেন।

## ক্লাস শুরু

(প্রথম পৃঃ পর)

সংখ্যা ছিল কম। আবাসিক হলগুলোতে অধিকাংশ ছাত্রছাত্রী এখনও ফেরেননি।

কলা ভবন এলাকাসহ বিশ্ববিদ্যালয়ের কয়েকটি পয়েন্টে পুলিশ প্রহরা অব্যাহত রয়েছে। বিশ্ববিদ্যালয় এলাকা দিয়ে রিকশা ছাড়া অন্যান্য যানবাহন চলাচল এখনও নিয়ন্ত্রণ করা হচ্ছে।

উল্লেখ্য ডাকসু নির্বাচন উত্তর সংঘর্ষ ও গোলযোগের পর বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ৯ই ফেব্রুয়ারী থেকে ১৬ই ফেব্রুয়ারী পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে।

দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 19 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 7

## ছাত্রদল

(১ম পৃঃ পর)

প্রশাসন পরিচালনায় ব্যর্থতার অভিযোগ এনে ২১শে ফেব্রুয়ারীর মধ্যে তার পদত্যাগ দাবী করেছে।

এ সময়ের মধ্যে পদত্যাগের দাবী পূরণ না হলে মার্চের প্রথম সপ্তাহে আন্দোলন গড়ে তোলা হবে বলেও ছাত্রদল ঘোষণা দিয়েছে।

গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় অপরাজেয় বাংলার পাদদেশে এক ছাত্রসমাবেশে এ ঘোষণা দেয়া হয়। এতে বক্তৃতা করেন শামসুজ্জামান দুদু ও সংগঠনের সভাপতি আসাদুজ্জামান রিপন। নির্বাচনে কারচুপির অভিযোগ এবং ছাত্রীমিছলে হামলা ও সন্ত্রাস সৃষ্টির প্রতিবাদে এ সমাবেশ ডাকা হয়।

শামসুজ্জামান দুদু অভিযোগ করেন যে, সমঝোতার ভিত্তিতে ডাকসু নির্বাচনের ফল পূর্বেই নির্ধারিত হয়।

পুলিশ প্রহরায় ডাকসু কর্মকর্তাদের দায়িত্বভার গ্রহণ ৭৯ সালের ডাঃ মালেক মন্ত্রিসভার কথাই স্মরণ করিয়ে দেয় বলে তিনি মন্তব্য করেন। তিনি আরও অভিযোগ করেন, নির্বাচনের পর ছাত্রদলের নেতা কর্মীদের উপর হামলার সময় পুলিশ এবং বিশ্ববিদ্যালয় প্রশাসন নিষ্ক্রিয় ছিল।

ছাত্রদল সভাপতি আসাদুজ্জামান রিপন অভিযোগ করেন যে ঢাকা বিশ্ববিদ্যালয় পুলিশী বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়েছে।

তিনি বলেন, স্বাধীনতা যুদ্ধের সময় দেশ বিরোধী ভূমিকার জন্যে ভিসিকে এবার শহীদ মিনারে প্রবেশ করতে দেয়া হবে না। প্রক্টরকেও কলাভবনে ঢুকতে দেয়া হবে না।

জনাব রিপন অভিযোগ করেন যে ছাত্র সংগ্রাম পরিষদ নামধারীরাই ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির জন্য দায়ী।

সমাবেশের আগে ছাত্র দলের একটি মিছিল কলাভবন এলাকা প্রদক্ষিণ করে।

**জিয়া পরিষদ**

জিয়া পরিষদ এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কয়েকজন শিক্ষক কর্তৃক বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়াকে ক্ষমা প্রার্থনা করতে বলায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছে।

জিয়া পরিষদ শিক্ষক সমিতিকে তাদের বক্তব্য প্রত্যাহার করে বেগম খালেদা জিয়ার কাছে ক্ষমা চাইতে বলেছে।

জাতীয়তাবাদী ছাত্র দলের কবি নজরুল কলেজ শাখার এক মিছিলে শনিবার ছাত্র লীগের (সু-র) কর্মীরা হামলা করে বলে এক বিবৃতিতে অভিযোগ করা হয়।